ইত্তেফাক

তারিখ ... ৪।৮।৫৩ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ১ ...

008

# কলেজ শিক্ষক সমিতির এডহক কমিটি

( ইত্তেফাক রিপোর্ট )

অধ্যক্ষ এ, কে, এম শহীদুল্লাহকে সভাপতি ও অধ্যক্ষ মনিরআহম্মদকে মহাসচিব করিয়া বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির ৫০ সদস্য বিশিষ্ট একটি এডহক কমিটি গঠন করা হইয়াছে।

গত শনিবার শেখ বোরহানুদ্দিন কলেজে অধ্যক্ষ শহীদুল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সমিতির বর্ধিত সভায় কমিটিটি গঠন করা হয়। সমিতির অচলাবস্থা দূরীকরণ ও যথাশীঘ্র জাতীয় সম্মেলন অনুষ্ঠানের জন্য কমিটি গঠন করা হইয়াছে বলিয়া প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

শনিবারের বিশেষ বর্ধিত সভা সমিতির নামে সংগৃহীত ৫ লক্ষাধিক টাকার যথেচ্ছ ব্যয় ও আত্মসাতের সহিত জড়িত প্রাক্তন মহাসচিব ও অর্থ পরিচালনায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে তীব্র ক্ষোভ প্রকাশ করে। সভা ৩০ ভাগ মহার্ঘ ভাতা চলতি অর্থ বৎসর হইতে কার্যকর করার দাবী জানাইয়াছে।